

জন্মদিনের চকলেট



গল্প: তারিক মনজুর
অলংকরণ: তৌফিক আহমেদ আনোয়ার

তুতুলের বন্ধুর আজ জন্মদিন।



তুতুল মায়ের কাছে গেল ।
বলল, চকলেট কিনে দাও ।



মা বললেন, পরে কিনে দেব।



তুতুল বাবার কাছে গেল ।
বলল, চকলেট কিনে দাও ।



বাবা বললেন, কাল কিনে দেব ।





সবশেষে তুতুল দাদার কাছে গেল ।
বলল, আমাকে চকলেট কিনে দাও ।



দাদা বললেন, আমার কাছে তো টাকাই নেই!







তুতুলের মন খারাপ হলো ।
কিন্তু চকলেট তার চাই-ই চাই ।





এরপর...





তুতুল দোকানে গেল ।
দোকানদারকে বলল,
আমি তুতুলের মা ।
আমাকে চকলেট দিন ।



দোকানদার বললেন, আচ্ছা!
তুতুলের মা তো কানে দুল পরে।
তোমার কানে দুল কই?







তুতুল আবার দোকানে গেল ।
বলল, আমি তুতুলের বাবা ।
আমাকে চকলেট দিন ।

দোকানদার হেসে বললেন, তুতুলের বাবার গৌফ
আছে। তোমার গৌফ কই?







এবার তুতুল সাজল...



...দাদার মতো । দোকানদারকে
বলল, আমি তুতুলের দাদা ।
আমাকে চকলেট দিন ।

দোকানদার হো হো করে হেসে উঠলেন ।
তারপর একটা চকলেট দিলেন তুতুলকে!



তুতুলের বন্ধু চকলেট পেল।
চকলেট পেয়ে খুশি হলো!

